I suddenly tripped knocking over the other guy's stuff. I dropped down to the floor trying to pick everything up when I saw that he had a pen.

I dropped all of his stuff and picked up the pen. I had already planned what my wish was going to be and I had a plan on how to escape. I didn't want to escape right now because most prisoners are still awake and could start a riot along with the fact that most guards are active right now. I went to sleep as well and woke up at night. Then I wrote not just 1 but 2 wishes. My first wish: I want the power of super strength, my second wish: I want the power of being able to erase other people's memories of the last three days. Immediately I felt my arms bulge as huge muscles formed on my arms after that experience ended. My fingers started glowing a bright orange, I felt that this was the power of memory erasure forming. I shoved my diary into my pocket and used my bare hands to bend open the bars in my jail cell with ease. I tiptoed through the hallway like a mouse through a house. I arrived at the huge metal door that led out to the main yard where we exercised each morning. There was a guard holding a taser aiming it at me, using my super quick reflexes I flashed my abnormally glowing hands in front of him. "Thud" he fell to the ground slowly forgetting everything that happened in the last few days. "Crunch" I crushed the lock and walked through the door.

I was outside the prison, all that was left was to pass through the gigantic brick walls. This would prove to be a challenge because there are about 50 guards on patrol around the walls. "Well 50 guards is better than 200" I whispered to myself hoping to gain some self confidence, I ran as fast as I could towards the wall and tried to jump over but that was a dumb move because it was 10 meters high. I only made it 2 metres before I started to fall

down. Again using my super quick reflexes I punched a hole into the wall and slid my hand into it holding me up above the ground.

I punched a few more holes and started to climb up putting in my hands first then my feet second. I was slowly reaching the top punching a lot of holes the whole way. When suddenly the wall started to wobble, all of the holes that I had punched had made it very unstable. I struggled to climb up because of all the turbulence. I was nearly there and I didn't want to start again, so I forgot about punching holes and climbing. I held on to the ledge ready to pounce, when I felt ready I jumped up grabbing hold of the top of the wall. I was hanging 10 metres above the ground as I desperately tried to pull myself up. I finally managed to get up onto the wall, I was half a metre wide so it was a breeze standing on it. I was going to jump over when I saw a guard standing on a watch post aiming a gun at me. I froze in fear but again pointed my hand at him as he clobbered down the stairs of the watch post. Hearing the loud noise, the other 49 guards came running towards where I was. But one look at my hand made them stop in their tracks as they crashed into each other. I jumped off the wall cushioning my fall by landing in a bush. *I crawled out of the bush as I spotted a bike locked against a pole.* " I know this is stealing but I have to do this for my own good" I told myself as I broke the lock. I hopped onto the bike and sped off to my house when I arrived as always. My key was under my welcome carpet but I didn't need it because my front door was broken in half. From the time the police broke into my house to arrest me. The first thing I did when I walked in was start the stove, when the fire had started I shoved the diary into the fire using pliers, hoping to never see it again. When I was sure it was destroyed I looked at my hand trying to forget everything that had happened, but my

power was gone. Well, I guess this is one part of my life I'll never forget.

## Saraswathi's Dairy

Saesha Ghosh (age 11 years)

Hi! My name is Saraswathi and I'm the goddess of Music, Education and Art. I love to learn art and I love to play my Bina. My ma is 'Durga' and she is the goddess of power. My baba is 'Shiva' and he is the god of destruction. My brother is 'Ganesh' and he is the god of wisdom. I have a pet swan called 'Hansa' and she is very mischievous and so is my brother. My ma is very hard-working and my baba is very intelligent. I also have another sister and brother known as 'Lakshmi' and 'Kartik'. Lakshmi is the goddess of wealth and prosperity, and Kartik is the general of the god army.



As I have Hansa as my pet, Lakshmi has her owl, Ganesh has a mouse and Kartik has a peacock, my mum has a lion and my dad has a companion as a snake.

Every morning, I woke up, brush my teeth, get ready and eat breakfast. My mum and dad both make breakfast, lunch and dinner and then they go to work. The rest of my siblings do the same as my routine. We use our pets to get us anywhere. Sometimes we live in the temple, but most of the time we live in 'Kailash'.

I go to my mum's family's house on earth every year with my entire family. Our relatives also come to see us, and they give us lots of affection and effort. They welcome us and offer us lots of delicious sweets and juicy tropical fruit. They arrange lots of cultural programs to entertain us. We all enjoy the program, but I especially like the music and singing part the most. The people also pray to us for blessings, and they pray to me for knowledge, talent in art and music, and other things. My mum, Durga protects everyone because she defeated the Buffalo demon. That is why she goes down to earth to see if her followers are protected against all evil and darkness.

When we go down to earth, my siblings and I get a bit silly sometimes. Like one time, Ganesh ate all the laddoo in the puja so that there was no more, but then he got a severe tummy ache. And another time, Lakshmi bought sarees and jewellery at such an expensive price that she nearly broke her bank account. And last time, Kartik became so obsessed with being the coolest sibling that he did every cool (cringe) thing that the humans on earth do. There was this one time that I tried to do a caricature of myself in a nice way, but it came out as me looking like a toad. But my mum is so kind and lovable that she listens to her followers. So is shiva but sometimes he goes into meditation mode that he forgets about nearly everything that is why he is called 'Bhole Nath'.

We stay on earth for six days and enjoy all the festivities. That's why every year we come and visit earth with our mum. And we love it and all the people on it.

## আমার সেই দূর্গা পূজার দিনগুলো

### শম্পা দত্ত

আমার জন্ম আর বেড়ে উঠা বাংলাদেশের এক প্রাচীন ও ঐতিহ্যবাহী শহর ময়মনসিংহে। আমার ছেলেবেলার কথা বলতে গেলে তোমাদেরকে নিয়ে যেতে হবে আমার সেই ছোট্ট শহরে। আমার খুব আফসোস হয় যে আজকের দিনের মত ক্যামেরা সহজলভ্য ছিল না তখন। তা না হলে সেই চিত্রপট সহজেই বেঁধে রাখা যেত। দূর্গা পূজার কথা বলতে হলে আগে আমার শহরের সাথে তোমাদের পরিচয় করিয়ে দিতে হবে, তা না হলে এর আমেজ বোঝান যাবে না। ব্রহ্মপুত্র নদীর গা ঘেঁষে দাড়িয়ে থাকা আমার শহরে তখনো ইট পাথরের বড় বড় দালান গুলো আকাশ তেঁকে দেওয়ার পরিকল্পনা করেনি। একটু বড় বিল্ডিং ছিল বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় আর ময়মনসিংহ মে ডিকেল কলেজে। আমার ছোটবেলার সূর্যোদয় ছিল পূর্বের আকাশে নারিকেলের ঝিরিঝিরি পাতার ফাঁকে সূর্য মামার উঁকি দেওয়া আর সূর্যাস্ত ছিল পশ্চিমে র আকাশে আম গাছের পেছনে টুপ করে লুকিয়ে যাওয়া। সেটা বাঁধা পরেনি কোন দালানে। এই শহরে সন্ধ্যা নামত শাঁখ, শংখ, উলুধ্বনিতে, আজানের সুরে আর নির্ভয়ে। শহরে র অনেকগুলো মন্দির দাঁড়িয়ে আছে ব্রহ্মপুত্র নদীর ধারে। এক সারিতে আছে বড় কালীবাড়ি, বড় মসজিদ, ছোট কালীবাড়ি, লোকনাথ বাবার মন্দির, শিব মন্দির আর একটা মাঝারি। মাঝে মাঝে সন্ধ্যা বেলায় আমরা মা আর ঠাকুমার সাথে এই মন্দির আর মাঝারে যেতাম। তখন মনে হত সে ই বাঁজ আর শংখে রধ্বনি যেন মিশে যেত ব্রহ্মপুত্রের ঢেউয়ে আর মাঝারের অসংখ্য মোমবাতির প্রতিবিম্ব পরত নদীর জলে। নদী থেকে বয়ে

আসত ঠান্ডা শীতল হাওয়া। তখন সূর্য মামাকে মনে হত যেন নদীর ওপারে দূরে কোন গ্রামের কোলে ক্লান্ত হয়ে ঘুমিয়ে পরেছে। আমার কাছে সে এক স্বর্গীয় অনুভূতি। চোখ বন্ধ করলে এখনো তার পরশ পাই। আমার শহরটা একটু বেশীই সবুজ ছিল আর অনেক সহজ সরল ও মনে হত। প্রাইভেট কার তেমন ছিল না, যানবাহন বলতে রিক্সা আর সাইকেলের টুং টাং শব্দে মুখরিত থাকত চারিদিক। ষড়ঋতু তাদের নিজ নিজ রূপ নিয়ে হাজির হত ঠিক সময়মত। তার মধ্যে শরতে র সকাল আমার ভীষন প্রিয়। নদীর ধারে র সাদা কাঁশ ফুল আর শিউলি ফুলের গন্ধ জানিয়ে দিত মায়ের আগমনী বার্তা। এই ঘুম পাগল আমি ও মাঝে মাঝে খুব ভোরে মূর্তি বানানো দেখতে যেতাম। মুঞ্চ হতাম শিল্পীর এই অপকল্প সৃষ্টিতে। মায়ের টানা টানা চোখের দিকে তাকিয়ে অপেক্ষায় থাকতাম বোধনের।



বিশেষ সকাল ছিল মহালয়ার সকাল। এমন কোন সনাতন ধর্মাবলম্বীদের বাড়ি ছিল না যেখান থেকে রেডিওতে প্রচারিত হওয়া বীরেন্দ্র কৃষ্ণ ভদ্রের চল্লীপাঠ ভেসে না আসত। মাঝে মাঝে মনে হয় বীরেন্দ্র কৃষ্ণ ভদ্র যদি চল্লী পাঠ না করত, মা মনে হয় এই ধরনীতে নেমেই আসত না। সেই সাথে অধীর আগ্রহে অপেক্ষা করতাম নতুন জামা জুতোর জন্য। আমার জামা কেনা হত পূজোর ঠিক দুই তিন দিন

আগে কারন এতদিন অপেক্ষা করার মত ধর্য আমার ছিল না। এর মধ্যেই পূজোর আগে দরজা বন্ধ করে হাই হিল প্র্যাকটিস করা হয়ে যেত আমার আর ছোট পিসির। আমাদের একান্বতী পরিবারের সবার অনেক সেলাই করতো মা রাত জেগে, সেলাই মেশিন ঘিরে আমরাও বসে থাকতাম।


অবশেষে সব অপেক্ষার প্রহর শেষে ষষ্ঠীর সন্ধ্যা নেমে আসত। অনেক রাত পর্যন্ত দুর্গা মায়ের প্রতিমা নেওয়া হত ঢাক ঢোল বাজিয়ে। সেই সময়টায় চলত আলতা পরানো। আমার দায়িত্ব ছিল সবাই কে আলতা পরিয়ে দেওয়া। নানান নকশায় সবার পা রাঙ্গিয়ে দেওয়াই ছিল আমার নেশা। আর এর মাঝেই ঢাকের আওয়াজ শুনলেই আমরা দৌড়ে ছুটে যেতাম গেইটের বাইরে মূর্তি দেখতে। আলতা পায়ে সবাই যখন বাইরে দৌড়ে যেত আমার মায়ের নজর পরে থাকত আমার পায়ের দিকে, বলত "তুই ও তো পরতে পারিস"। নিজে পরার থেকে আমার পরাতে বেশী ভাল লাগত। কিছু ডিজাইন এখনো আমার মনে আছে। তোমরাও তোমাদের পা রাঁঙ্গাতে পার তা দিয়ে। 🙏🙏

আরেক আকর্ষণ ছিল মাইকে বাংলা গান শুনান। তখন ডি জে ছিল না। কিশোর কুমারের "আমার স্বপ্ন যে সত্যি হল আজ" কিংবা বাপ্পী লাহিড়ীর "মঙ্গল ও দীপ ও জেলে", কতবার বাজানো হত তার হিসেব ছিল না। মন্দিরের পাশেই আমার এক বন্ধু রমাদের বাসা। সন্ধ্যা বেলায় রমাদের বারান্দায় বসে আমরা গল্পের আসর জমাতাম আর মন্দির চত্বরে মানুষের ভীড় দেখতাম। রাস্তার ধারে আচার ওয়ালার জলপাই আচার ছিল আমার খুবই প্রিয়। আমার ভাই সুজন বাইরে গেলেই কিনে আনত সেই আচার। জলপাই জলে সেদ্ধ করে ভিনেগার, ফুড কালার আর সেকারীনে ভেজানো হত, এর বেশী কিছু না। কিন্তু বুঝানো যাবে না এর স্বাদ, মোহ আর আকর্ষণ। আর হল আমার মার হাতের বানানো দুধ এবং নারিকেলের নাড়ু, যা হল অতুলনীয়। ❤️





পুজোর দিনগুলোতে বিভিন্ন ধরনের নিরামিষ খাবারের মধ্যে শুকতার রেসিপি হল খুবই সহজ আর মজাদার। সব সবজি যেমন কাঁচা কলা, মিষ্টি আলু, ডাটা, বেগুন ইত্যাদি বড় বড় করে কেঁটে নিতে হবে। শুকতার প্রধান উপকরণ হল করলা। প্রথমে করলা কেটে লবন হলুদ দিয়ে ভাল করে ভেজে নিতে হবে। সব সবজি লবন হলুদ দিয়ে সেদ্ধ করে পরে সরিষার তেলে পাঁচ ফোঁরন, শুকনা মরিচ, তেজপাতা ফোঁরন দিয়ে সবজি দিতে হবে। অল্প সর্ষে, পোস্ত, রাঁধুনি বাটা, আদা বাটা আর একটু দুধ দিয়ে নেড়ে চেরে সবশেষে করলা দিতে হবে। তা না হলে পুরো সবজি বেশী তেঁতো হয়ে যাবে। নামানোর আগে একটু ঘি আর চিনি দিয়ে নামাতে হবে। নতুন জামা পরে অষ্টমীর অঞ্জলী দিয়ে রাতে বের হতাম পূজা দেখতে। ময়মনসিংহে পূজার সংখ্যা অনেক। এক পুজো থেকে আরেকটা এতটাই কাছে যে একটার আলোকসজ্জা মিশে যেত আরেকটার সাথে। সেই আলোর নীচে দিয়ে হেঁটে গেলে মনে হয় আকাশের নীচে আরেক আলোর আকাশ, কোথাও কোন অন্ধকার নেই, নেই কোন মন খারাপ, হিংসা, দ্বেষ।



অষ্টেলিয়াতে আমি মায়ের আগমনী বার্তা বোঝার চেষ্টা করি আমার জানালার ধারের ক্যামেলিয়া ফুল দেখে। মেয়েরা মেহেদীর নকশা ঠিক করে আর আমার শাড়ীর বাক্স এলোমেলো করে কোনটা পরবে বলে। আমরা খুবই ভাগ্যবান যে এখানে SPUVIC পরিবারের সবাই হাঁসি, আনন্দ, প্রার্থনা, গান, বাজনার

মধ্য দিয়ে মাকে বরন করি, মার আরাধনায়  
সবাই মিলিত হই আর বছর শেষে আবার  
অধীর আগ্রহে অপেক্ষা করি মা আসবে বলে ।



## জনগণের স্বামী বিবেকানন্দ

### প্রজাপতি রায়

গেরুয়া বসন পরিহিত, পাগড়ী মাথায় এক  
তেজস্বী যুবকের যে ছবি আমাদের বাসা -  
বাড়ীর দেয়াল আর দোকানপাটে শোভা পায়  
তিনি স্বামী বিবেকানন্দ । কিন্তু বামী বিবেকানন্দ  
-স্বামী বিবেকানন্দ হয়ে জন্মগ্রহণ করেননি ।  
স্বামী বিবেকানন্দ পর্যন্ত হয়ে আসার একটা  
ইতিহাস আছে । আর সেই ইতিহাসের মধ্যেই  
জনগণের সঙ্গে তার সম্পর্কের কথা সুপ্ত হয়ে  
রয়েছে। সুতরাং জনগণের স্বামী বিবেকানন্দকে  
জানতে হলে তার জন্ম থেকে মৃত্যু পর্যন্ত জীবন  
কাহিনী জানা প্রয়োজন হয়ে পড়ে ।



স্বামী বিবেকানন্দের বাবার নাম বিশ্বনাথ দত্ত  
।মায়ের নাম ভুবনেশ্বরী দেবী । বিশ্বনাথ দত্ত  
অত্যন্ত উচ্চশিক্ষিত ব্যক্তি ছিলেন ।পেশাগত  
দিকথেকে তিনি ছিলেন কলকাতা হাইকোর্টের  
একজন নামকরা এডভোকেট । বিশ্বনাথ দত্ত  
প্রচুর রোজগার করতেন ।তিনি ব্যয় ও করতেন  
মুক্ত হস্তে ।বহু গরীব দুঃখী তার সাহায্য পেত  
।তিনি সংগীত ও কাব্যের সমঝদার ছিলেন ।  
ভুবনেশ্বরী দেবী ও উদারমনা ,ধর্মপরায়ণ ও  
স্নেহশীলা মহিলা ছিলেন ।তিনি পুত্র কামনায়  
তীর্থক্ষেত্র কাশীর জাগ্রত শিব বীরেশ্বরের কাছে  
মানত করেন । কথিত আছে রাতে স্বপ্ন  
দেখলেন যে তার মানতে খুশি হয়ে স্বয়ং শিব  
তার কোলে আসছেন । অতঃপর ১৮৬৩  
খ্রীষ্টাব্দের জানুয়ারী মাসে পৌষ সংক্রান্তিতে  
বিশ্বনাথ দত্ত ও ভুবনেশ্বরী দেবীর এক পুত্র  
সন্তান জন্মগ্রহণ করলো ।কাশী জাগ্রত  
দেবতার দুয়ারে মানত করে ছেলে হবার জন্য  
মা ছেলের নামকরণ করলেন বীরেশ্বর ।পরে  
অনন্যপ্রাশনের সময় তার নামকরণ করা হলো  
নরেন্দ্রনাথ ।ফুটফুটে গায়ের রং , কালো  
কোঁকড়া চুল , বড় বড় দুটি সুন্দর চোখ ,  
স্বাস্থবান নরেন্দ্র কলকাতার সিমলা অঞ্চলের  
দত্তবাড়ীর আদরের ধন হয়ে বড় হতে লাগলেন  
।ছেলেবেলায় নরেন্দ্র মায়ের কাছে রামায়ান -  
মহাভারতের গল্প শুনতেন । এরফলে রামায়ান  
- মহাভারতের বহু অংশ তার মুখস্থ হয়ে  
গিয়েছিলো ।

সুললিত কণ্ঠের অধিকারী নরেন্দ্রের আবৃত্তি  
সকলকে মোহিত করতো । বয়স বাড়ার সঙ্গে  
সঙ্গে নরেন্দ্রের কৌতূহল ও বাড়তে লাগলো ।  
সবকিছুর ক্ষেত্রেই নরেন্দ্র প্রশ্ন করতো ।  
তখনকার দিনে হিন্দু সমাজে বিশেষ করে  
উচ্চবর্ণের হিন্দুদের মধ্যে জাতিভেদ ও  
অশ্পৃশ্যতা প্রকট ভাবে বিদ্যমান ছিল ছিল  
নরেন্দ্রের বাবা এডভোকেট বিশ্বনাথ বাবুর  
বৈঠকখানায় ভিন্ন জাতের মঞ্চেরদের  
মদ্যপানের জন্য ভিন্ন ভিন্ন হুকোর ব্যবস্থা ছিল  
। একদিন বালক নরেন্দ্র বাবার বৈঠকখানার  
হুকো গুলো একের পর এক টেনে দেখছিলো ।

বাবা অলক্ষিতে তা দেখে ছেলেকে প্রশ্ন করেছিলেন, "সে কেন এমন করলো?" উত্তরে বালক নরেন বললো, "দেখছিলাম জাতিভেদ না মানলে কি হয়।" অতি ছোটবেলা থেকেই নরেনের মধ্যে একটা স্বাভাবিক বা সহজাত ভালো - মন্দ জ্ঞানের উপলব্ধি জন্মেছিলো। একবার ছয় - সাত বছরের বালক নরেন পূজার মেলা থেকে কিছু মাটির পুতুল কিনে সঙ্গীদের সঙ্গে বাড়ী ফিরছিলো। পথে হটাৎ সবাই দেখলো যে একটি ছোট শিশু ঘোড়ার গাড়ীর নিচে চাপা পড়ে যাচ্ছে। আর কেউ না এগুলেও নরেন হাতের পুতুলগুলো ফেলে দিয়ে শিশুটিকে টেনে দূরে সরিয়ে আনে।

বাড়িতে প্রাথমিক শিক্ষা শেষে নরেনকে মেট্রোপলিটন ইনস্টিটিউট ভর্তি করা হয়। স্কুলে গায়ের জোড়, খেলাধুলায় প্রাধান্য ও বুদ্ধিবৃত্তির উৎকর্ষতার জন্য নরেন ছিল ছেলেদের নেতা। তের- চৌদ্দ বছর বয়সে নরেন একবার অসুস্থ হয়ে পড়েন। তখন বাবা তাকে হওয়া বদল করার জন্য নিয়ে কিছুদিন নিজেদের কাছে রাখেন। বাবা ছেলের জ্ঞান পিপাসু অন্তরের পরিচয় পেয়ে ছিলেন তাই তাকে পাঠ্য পুস্তক ছাড়াও সাহিত্য, দর্শন, ইতিহাস ইত্যাদি বিভিন্ন বিষয়ের জ্ঞানগর্ভ বই পুস্তকও পড়তে দেন। প্রায় দুবছর বাবার কাছে কলকাতার বাইরে রায়পুর থেকে নরেন কলকাতা ফিরে প্রবেশিকা পরীক্ষা দেন এবং এতে তার স্কুলের মধ্যে একাই প্রথম বিভাগে উত্তীর্ণ হন। এরপর কালক্রমে নরেন জেনারেল এসেম্বলি কলেজ নামে কলকাতার এক কলেজে ভর্তি হয় করে কলেজেও নরেন নেতার স্থান দখল করে। কলেজের ইউরোপীয় অধ্যক্ষ আর অধ্যাপকেরা পর্যন্ত নরেনের প্রতিভায় মুগ্ধ হন। এখানেই নরেন দক্ষিণেশ্বরের শ্রীরামকৃষ্ণ পরমংসের নাম শুনতে পান।

জেনারেল এসেম্বলি কলেজে পাঠ কালেই নরেনের মধ্যে একটা ভাবান্তর দেখা দেয়। ঈশ্বর সম্বন্ধে নরেন চিন্তা করতে আরম্ভ করেন

।সময়টি রাজা রামমোহন রায়, কেশবলেন আর দেবেন্দ্রনাথ ঠাকুরের ক্রমাগত পৃষ্ঠপোষকতায় ব্রাহ্ম ধর্মের প্রসার ঘটেছিলো। নরেনের ঈশ্বর সম্বন্ধে জিজ্ঞাসা প্রবল থেকে প্রবলতর হতে থাকে। সে ব্রাহ্ম সমাজে নিয়মিত যোগদান করতে থাকে। কিন্তু মনে তার শান্তি আসেনা। এমনি মানসিক অবস্থায় আকস্মিকভাবে রামকৃষ্ণ পরমহংসদেবের সঙ্গে নরেনের সাক্ষাৎ হয়। নরেন ভালো ভজন গান গাইতে পারতেন। তার গান শুনে রামকৃষ্ণদেব মুগ্ধ হয়ে পড়েন। এবং তাকে দক্ষিণেশ্বরে যাওয়ার আমন্ত্রণ জানান। একদিন নরেন বন্ধু - বান্ধবদের নিয়ে দক্ষিণেশ্বর যান। সেখানে রামকৃষ্ণ তাকে অসাধারণ মানুষ হিসাবে অখ্যায়িত করেন। রামকৃষ্ণ পরমহংসদেবের সঙ্গে সংস্পর্শের পর থেকে নরেন যেন কেমন আনমনা হয়ে যান। রামকৃষ্ণ ঈশ্বর দর্শন করেছেন শুনে তিনিও ঈশ্বর দর্শনের জন্য আগ্রহী হয়ে উঠেন। এরপর থেকে নরেন ঘন ঘন দক্ষিণেশ্বর যেতে থাকেন।

ইতিমধ্যে নরেন বি. পাশ করেন এবং আইন অধ্যয়ন শুরু করেন। এমন সময় হঠাৎ করে পিতা বিশ্বনাথের মৃত্যু ঘটে। বিশ্বনাথের যেমন আয় ছিল তেমনি ব্যয়ও ছিল। কারণ দয়া আর দানশীলতা তার অস্থিমজ্জায় জড়িত ছিল। ফলে পিতার মৃত্যুর পর নরেন দেখলেন পিতার ঋণের পরিণাম অনেক। সুযোগবুঝে জ্ঞাতিরা নরেনের বিষয় মামলা সম্পত্তি এমনি কি বসতবাড়ি পর্যন্ত দখলের স্বরষন্ত্র আরম্ভ করে। মামলা মোকদ্দমা আরম্ভ হয়। সাংসারিক বিপদ চারদিক থেকে নরেনকে ঘিরে ধরে। আর্থিক অনটন লেগেই থাকে। একদা স্বচ্ছল ধনী বিশ্বনাথের বাড়ীতে দুবেলা উনুনে হাঁড়িও কোনোদিন চড়তেনা। বিপদে দিশেহারা হবার লোক নরেন নয়। তবে অন্তরে ঈশ্বর দর্শনের প্রেরণা নরেনকে সংসার ত্যাগী করে তুলতে থাকে। কিন্তু রামকৃষ্ণ দেবের পরামর্শে নরেন সংসার গ্রহণ থেকে বিরত হন। তারপর ধীরে

ধীরে নরেনের আর্থিক অবস্থার উন্নতি হতে থাকে ।

এরপর ১৮৮৬ খ্রীষ্টাব্দের দিকে রামকৃষ্ণ পরমহংস দেব দেহ ত্যাগ করেন এবং নরেনের উপর তার আধ্যাত্মিক দায়িত্ব ভার অর্পণ করে যান । ১৮৮৭ খ্রীষ্টাব্দের দিকে নরেনের নেতৃত্বে শ্রীরামকৃষ্ণ সংঘের প্রতিষ্ঠা হয় । শ্রীরামকৃষ্ণ দেব হিন্দু সম্প্রদায়ের কাছে একজন যুগাবতার ছিলেন । তার আধ্যাত্মিক মত ছিল অত্যন্ত উদার । তিনিই বলেছিলেন বলেছিলেন , " যত মত তত পথ ।" যেভাবে ঈশ্বরকে ডেকে খুশি থাকে সে সেভাবেই ডাকতে পারে করে এক্ষেত্রে হিন্দু মুসলিম - বৌদ্ধ - খ্রিষ্টান কোনো উপাসনাই অপাংতেয় নয় । সবই যুক্তি সম্মত । এই আধ্যাত্মিক উদার মতাদর্শের ধারক রামকৃষ্ণ সংঘের সদস্যরা নরেনের নেতৃত্বে সন্ন্যাস গ্রহণ করে । এই মত প্রচারে প্রতিজ্ঞাবদ্ধ হন । এই সময়ই নরেনের সন্ন্যাস জীবনের নাম হয় স্বামী বিবেকানন্দ । এতক্ষন আমরা বীরেশ্বর থেকে নরেন আর নরেন থেকে স্বামী বিবেকানন্দের রূপান্তর জানতে পেলাম । এরপর স্বামী বিবেকানন্দ সংসার ত্যাগ করে তীর্থ ভ্রমণে বেড়িয়ে পড়েন । প্রায় সারা ভারতবর্ষ ভ্রমণকালে স্বামী বিবেকানন্দ ভারতের মানুষ , সমাজ , চিন্তা সুখ চেতনা ও সুখ - দুঃখের সাথে পরিচিত হন । এরমধ্যে তিনি মানুষের মুক্তির চিন্তা করতে থাকেন । সারা ভারত ভ্রমণের সময় স্বামী বিবেকানন্দ রাজা - মহারাজা থেকে আরম্ভ করে দীন দরিদ্রের কুটিরেও আতিথ্য গ্রহণ করেছেন । এমনকি গাছতলায় ও দিন রাত্রি কাটিয়ে দেন । এসময়ই স্বামী বিবেকানন্দ জনগণের কাছাকাছি পৌঁছান । এবং দেখতে পান দারিদ্র , অশিক্ষা - কুশিক্ষা আর মিথ্যা সংস্কার কুসংস্কারের বেড়াজালে ভারতের মানুষ আবদ্ধ । তিনি দেখত পান ধনবান , উচ্চবর্ণ ও তথাকথিত শিক্ষিত শ্রেণীর নিষ্পেষণে দেশের সাধারণ মানুষ দুর্দশার চরমসীমায় পৌঁছে গেছে । যদিও স্বামী বিবেকানন্দ কোন রাজনৈতিক মতাদর্শের

সমর্থক ছিলেননা তথাপি তিনি একটি কথা উপলব্ধি করেছিলেন যে , পরাধীনতা থেকে মুক্তি ও সাধারণ মানুষের মুক্তির একটি পূর্বশর্ত । "যত মত তত পথ " আর " জীবে দয়া করে যেজন সেজন সেবিছে ঈশ্বর " এই মতাদর্শ নিয়ে স্বামী বিবেকানন্দ দেশে - বিদেশে ঘুরে বেড়াতে লাগলেন । ইউরোপের বিভিন্ন দেশ সহ আমেরিকা যুক্তরাষ্ট্রে তার মতাদর্শ বিশেষ প্রাধান্য পায় । দুর্গত মানুষের সেবাই ঈশ্বরের সেবা এই মহৎ শিক্ষা তিনি বিশ্ব বাসীর কাছে উপস্থাপন করেন । পরবর্তীকালে মাহাত্মা গান্ধীর কাছে এই দুর্গত মানবতা " হরিজন " রূপে বিধৃত হয় ধরেছিলেন সামাজিক ও কমিউনিস্ট আদর্শ প্রসার লাভ করার আগে স্বামী বিবেকানন্দ ই অর্থনৈতিক সুখম বন্টন আর বিশ্ব মানবতার সেবার কথা জনসমক্ষে তুলে ধরেছিলেন কারণ বিবেকানন্দ কঠোর ভাবে হিন্দু সমাজের বহু প্রচলিত কুসংস্কারের বিরুদ্ধে রুখে দাঁড়িয়ে ছিলেন কারণ তিনি বিশ্বাস করতেন যে অস্পৃশ্যতা ও শ্রেণীভেদ সমাজে কূপমণ্ডকতার কারণ । আর এগুলোই মানুষ তথা জাতির মুক্তির প্রতিবন্ধক ।

বিত্তবান ও উচ্চবর্ণের মানব সমাজের প্রতি তাঁর আহবান ছিল , "তোমরা শূন্যে বিলীন হও , আর নুতন ভারত বেরুক । বেরুক লাঙ্গল ধরে চাষার কুটির ভেদ করে , জেলে - মুচি - মেথরের মধ্যে থেকে , কারখানা থেকে ।" স্বামী বিবেকানন্দের একটি বড় পরিচয় : তিনি শুধু আধ্যাত্মিক জগতেই নয় , সামাজিক জগতকেও প্রাধান্য দিতেন । গণ মানুষের কল্যান কল্পে তিনি বেশ কিছু চিন্তা ভাবনা করতেন । তিনি যা বিশ্বাস করতেন তাঁকে অল্পকথায় বলা যেতে পারে - উপলব্ধি ছিল তত্ত্বের দিক থেকে বিশ্বাত্মবাদ আর ব্যবহারিক দিক থেকে বিশ্বসেনাবাদ । এই বিশ্বসেনাবাদ , বিশ্বসেবাবাদ ছাড়া আর কিছুই নয় । স্বামীজীর জনসেবা প্রধানত সমাজের উৎপীড়িত , অত্যাচারিত , সামাজিক অধিকারহীন জনগোষ্ঠীর মধ্যেই বেশি বেশি কেন্দ্রীভূত ছিল । এক্ষেত্রে সমাজের নীচু তলার মানুষের কাছাকাছি আর একটা সমাজ তা হচ্ছে

নারী সমাজ ছিল উচ্চবর্ণের বা বিত্তবান বা ক্ষমতালী গৌরী মানুশের সমাজেও নারীরা বঞ্চিত ছিল। অথচ এদের সংখ্যা ঐ সমাজের মানুশের মোট সংখ্যার অর্ধেকের বেশি ছিল। স্বামীজীর অন্তর তৎকালীন নারী সমাজের দুর্দশা দেখে ব্যথিত হয়ে উঠেছিল। তাই নারী সমাজের উন্নতির জন্য তিনি আপ্রাণ চেষ্টা করে গেছেন। যদি অবিভক্ত ভারতের নারী প্রগতির ইতিহাস কোনোদিন লেখা হয় তবে স্বামী বিবেকানন্দের নাম সেখানে স্বর্ণাক্ষরে লেখা থাকবে। স্বামী বিবেকানন্দ প্রায়ই বলতেন যে, যে সব জাতি অতীতে বড় হয়েছে, বর্তমানেও বড় আছে এবং ভবিষ্যতেও বড় থাকতে চায়, তারা অবশ্যই নারী জাতিকে সন্মান দিয়েছিলো, সন্মান দেয় এবং সন্মান দেবে। মেয়েদের অসন্মানজনক আসনে রেখে কোন জাতি কোনোদিন বড় হতে পারে না। জনগণের স্বামী বিবেকানন্দের এটি একটি বিশেষ রূপ। দেশব্যাপী বা বিশ্বব্যাপী জনগোষ্ঠীর প্রায় অর্ধেক বা অর্ধেকের বেশি ই হচ্ছে নারী। সুতরাং নারী জাতির উন্নতির কথা বলা মানেই জনগণের কথা বলা। তার দৃষ্টিতে সমাজের নীচু তলার মানুশ আর সামগ্রিক সমাজের নারী সম্প্রদায় এই উভয়ই নির্যাতিত, নিপীড়িত ও বঞ্চিত করেন তাই এদের জন্য তিনি চিন্তা করেন। এদের কল্যাণ ব্যাতিত সমাজের, বৃহত্তর জাতির বা দেশের অথবা বিশ্বের উন্নতি সম্ভব নয় একথা তিনি দৃঢ়চিত্তে বিশ্বাস করতেন।

শিক্ষা জনগণের এক মৌলিক প্রয়োজন ও মৌলিক অধিকারও বটে। শিক্ষা ব্যতীত জনজীবনের উন্নতি অসম্ভব। স্বামী বিবেকানন্দ একথাটি অত্যন্ত গভীরভাবে উপলব্ধি করেছিলেন। তাই সমাজের বঞ্চিত, নিপীড়িত মানুশের জন্য উপযুক্ত শিক্ষার দরকার। নারী সমাজের ন্যায্য অধিকারের জন্য উপযুক্ত শিক্ষার দরকার স্বামীজী একথা বার বার বলেছেন। মার্কস-এঙ্গেলস সমাজে সাম্য প্রতিষ্ঠার ক্ষেত্রে যে শ্রেণী সংগ্রামের কথা বলেছেন তার সঙ্গে বিবেকানন্দের সামাজিক সাম্যের ধারণার কিছুটা তফাৎ আছে আর তা

হচ্ছে শিক্ষাক্ষেত্রের মাধ্যমে সাম্য প্রতিষ্ঠা। তিনি বিশ্বাস করতেন - সামাজিক বঞ্চনা ও শোষণে যারা বঞ্চিত ও শোষিত তাদের উপযুক্ত শিক্ষা দাও, তারা যথোপযুক্ত শিক্ষিত হয়ে শোষক তথা অত্যাচারীকে সামাজিকভাবে মোকাবেলা করুক। রক্তপাত নয়, ত্বিশক্তি ও মেধার মাধ্যমে সংগ্রামে অবশ্যই সমাজের সিংহভাগ বঞ্চিত মানুশ অল্পসংখক বিত্তবান ও শোষককে মোকাবেলা করতে সক্ষম হবে। তবে এরজন্য চাই বঞ্চিত - শোষিতদের জন্য উপযুক্ত ও যথোপযুক্ত শিক্ষার ব্যবস্থা করা।

জনজীবনের প্রাথমিক প্রয়োজন খাদ্য ও বস্ত্রের পরপরই আসে সাহিত্য - সংস্কৃতির বিষয়টি। বিবেকানন্দ একাধারে গদ্য সাহিত্য শিল্পী ও কাব্য সাহিত্য শিল্পী দুই ই ছিলেন। তার লেখা গদ্য সাহিত্য ও কবিতা বাংলা সাহিত্যকে যথেষ্ট সমৃদ্ধ করেছে। কিন্তু দুঃখের বিষয় আজ পর্যন্ত এর কোনো মূল্যায়ন হয়নি। তার লেখা 'বর্তমান ভারত 'পরিব্রাজক '।' প্রাচ্য ও প্রাচ্যাত্য'। 'ভাববার কথা 'গদ্য সাহিত্যের প্রকৃষ্ট উদাহরণ।

বাংলা সাহিত্যের ইতিহাস যারা পড়েছেন যান জানেন শ্রীরামপুর মিশন ও ফোর্ট উইলিয়াম কলেজ আধুনিক বাংলা গদ্যের উদ্ভাবক। কিন্তু স্বামী বিবেকানন্দ এই দুই কলেজের সঙ্গে সম্পৃক্ত না থেকেও সাহিত্যের ভাষা সম্পর্কে বলেছিলেন, 'স্বাভাবিক যে ভাষায় মনের ভাব আমরা প্রকাশ করি, যে ভাষায় ক্রোধ, দুঃখ, ভালোবাসা ইত্যাদি জানাই তার চেয়ে উপযুক্ত ভাষা আর কী হতে পারে? কাব্যের ক্ষেত্রে বাংলা, ইংরেজি ও সংস্কৃত এই তিনধরণের ভাষাতেই তিনি কাব্য রচনা করে গেছেন রয়েছে এস এসব কবিতা "বীর বাণী" নামে প্রকাশিত হয়েছে হয়েছে এসবের মধ্যে জনজীবনের হৃদয়ের স্পন্দনই ধ্বনিত হয়েছে। তার লেখা চিঠিগুলোও বাংলা সাহিত্যের সম্পদ বলে পরিগণিত হওয়ার যোগ্য। এক্ষেত্রে জনগণের বিবেকানন্দ খাঁটি দেশজ শব্দ, প্রবাদ প্রবচন এমনকি সুপরিচিত শব্দের গালি - গালাজও তিনি ব্যবহার করতে দ্বিধাবোধ করেননি। মানুশের সংস্কৃতির ক্ষেত্রে সংগীত ও নৃত্য একান্তই প্রাধান্য পাওয়ার দাবীদার।

স্বামীজী সন্ন্যাসী কিন্তু তিনি বহু সংগীত রচনা করেছেন। নৃত্য কলায়ও তার দক্ষতা ছিল। অবশ্য তার মধ্যে এগুন দুটি জন্মগত সূত্রে পাওয়াছিল তার বংশে নৃত্যগীতের চর্চা ছিল। তিনি একদা আনুষ্ঠানিকভাবে সংগীত শিক্ষাও করেছেন - তার বাব ই এব্যাপারে অগ্রনী ভূমিকা পালন করেছিলেন। যন্ত্র সংগীতেও স্বামী বিবেকানন্দ পারদর্শী ছিলেন।

স্বামীজী সুগায়ক ও ছিলেন। বাদক ছিলেন। গীতিকার ছিলেন। সংগীতের তাত্ত্বিক লেখকও ছিলেন। স্বামী বিবেকানন্দ নিছক সংসার বিবাগী সন্ন্যাসী ছিলেননা। তার জনসমাজের সঙ্গে যে একটা মধুর সংযোগও ছিল তার প্রমান মেলে স্বামীজীর লঘু হাস্যরস পরিবেশনের মধ্য দিয়েও। তিনি কাঠখোঁটা সাধু ছিলেননা, তার আধ্যাত্মিক ও সামাজিক সংস্কার মূলক বক্তব্য গুলোকে তিনি অনেক সময়ই অত্যন্ত মধুর লঘু হাস্যরসের মাধ্যমে পরিবেশন করেছেন। যা তাকে সাধারণ মানুষের মনের অত্যন্ত কাছাকাছি নিয়ে গেছে।

তাই স্বামী বিবেকানন্দকে শুধুমাত্র একজন সংসার বিবাগী সাধু পুরুষ মনে করার কোনো হেতু নেই। তিনি কর্মযোগী ছিলেন। বৈরাগ্য সাধনেই মুক্তি ত্বন্তে তার আস্থা ছিলোনা। তিনি ব্যক্তিগত জীবনে সংসার ত্যাগী হলেও তা হয়েছিলেন সমাজের সমষ্টি জীবনের মুক্তির পথকে প্রশস্ত করার জন্যই। নিজে সন্ন্যাসী হয়েও গণজীবনের জন্য তাঁর ব্যাকুলতা তাকে জনগণের তাকে জনগণের অন্তরের কাছাকাছি নিয়ে গিয়েছিলো। দীর্ঘজীবনের অধিকারী তিনি ছিলেননা। তার দেহত্যাগ সম্পর্কে যে আধ্যাত্মিক ব্যাখ্যাই থাকুক না কেন - সে সম্পর্কে দৃষ্টিপাত না করেও আমরা বলতে পারি মাত্র ৩৯ বছরের জীবনকালে তিনি বিশ্ববাসীকে এক বিশেষ ধারণা উপহার দিয়ে গেছেন তা হচ্ছে ত্বন্ত গত দিক থেকে বিশ্বাত্মবাদ আর প্রায়োগিক দিক থেকে বিশ্বসেবাবাদ। " যতমত ততপথ ", " জীবে দয়া করে যেজন সেজন সেবিছে ঈশ্বর ", " সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই । " এসব মহান বিশ্বজনীন চিন্তা ধারার অপূর্ব

সমন্বয় স্বামী বিবেকানন্দের মধ্যে কেন্দ্রীভূত হয়েছিল। ক তাই তো বিবেকানন্দের মতবাদ শুধু সম্প্রদায় বিশেষের জন্যই নয় - বিশ্বমানবতার অত্যাধুনিক ধ্যান ধারণার সঙ্গে অত্যন্ত সামঞ্জস্যপূর্ণ। তার বিখ্যাত বক্তব্য:

১. "মানুষের সেবা করা হচ্ছে ঈশ্বরের সেবা করা।"

২. "আমরা যা এবং ভবিষ্যতে আমরা যা হবো, তার জন্য আমরাই দায়ী। আমাদের নিজেদের মধ্যে শক্তি আছে, আমাদের নিজেদের তৈরী করার জন্য। আমরা এখন যা হয়েছি তা আমাদের অতীতের কর্মের ফল, আমরা ভবিষ্যতে যা হবো তা আমাদের বর্তমানের কাজেরই ফল হবে। সুতরাং আমাদের জানতে হবে কিভাবে আমরা আমাদের কাজগুলো করব।"

৩. "এমন কাজ করে চलो যে তুমি হাসতে হাসতে মরবে আর জগৎ তোমার জন্য কাঁদবে।"

৪. "ঘৃণার শক্তি অপেক্ষা প্রেমের শক্তি ... অনেক বেশি শক্তিমান।"

তার এসব বক্তব্য জনগণের সঙ্গে তার হৃদয়ের নৈকট্যকে প্রমান করে একথা বলাই বাহুল্য। (১) সমাজসেবা (২) সাহিত্যসেবা (৩) সংস্কৃতিসেবার যে প্রমান আমরা উল্লেখ করতে পেরেছি তা থেকে নিঃসন্দেহে প্রমাণিত হয় যে স্বামী বিবেকানন্দ একজন সম্প্রদায় বিশেষের আধ্যাত্মিক প্রবক্তা ছিলেননা; তিনি বিশ্বমানবতার একজন অন্যতম শ্রেষ্ঠ ধারক ও বাহক ছিলেন। তিনি ব্যক্তির নন, সম্প্রদায়ের নন তিনি অবতার নন, তিনি শুধু আধ্যাত্মিকতার নন, তিনি জনগণের - তিনি গণমানুষের হৃদয়ের মানুষ ছিলেন। তার ধ্যান - ধারণার মধ্যে গণমানুষের হৃদ স্পন্দন ধ্বনিত হয়েছে। তাই সবশেষে আমি বলবো স্বামী বিবেকানন্দ ছিলেন জনগণের বিবেকানন্দ।

# Last year at a glance

## Saraswati Puja 2022



## Boishakhi Mela 2022



## Janmashtami Celebration 2022



## Committee 2022-2023

### Management Committee 2022-2023

**President:** Dr Bikash Choudhury  
**Vice President:** Mr Sanjib Saha  
**General Secretary:** Mr Suranjit Saha  
**Treasurer:** Mr Prabir Deb  
**Cultural Secretary:** Mr Saurav Das  
**Member:** Mr Chapal Choudhury  
**Member:** Mr Henry Sebastian  
**Member:** Mr Prabir Chowdhury  
**Member:** Mrs. Prajapoti Roy  
**Member:** Dr Ratan C Mandal  
**Member:** Mrs Sandhya Chatterjee  
**Member:** Mrs Somali Bhattacharyya  
**Member:** Mr Tapan Kundu

### Organising Committee 2022-2023

#### A) Food and Beverage Committee

- Dr. Ratan Mondal (team leader)
- Mr. Henry Sebastian
- Mr. Sanjib Saha
- Mr. Tapan Das

#### B) Cultural Committee

- Mr Saurav Das (team leader)
- Mrs. Nandita Das
- Mrs. Prajapoti Roy
- Mrs Somali Bhattacharyya
- Mr. Subhajit Chattopadhyay
- Mrs. Sukanto Dutta

#### C) Sound Team

- Mr Sanjib Saha (team leader)
- Mr. Bipul Sen
- Mr. Santanu Sarker
- Mr. Sukanta Dutta
- Mr. Suranjit Saha

#### C) Decoration and transportation Committee

- Mr. Tapan Kundu (team leader)
- Mr. Anup Mondal
- Mr. Dharmendra Pandey
- Mrs. Indrani Kundu
- Mrs. Prajapoti Roy

#### D) Publication and Magazine Committee

- Mr. Suranjit Saha (team leader)
- Mr. Bipul Sen
- Mr. Sujoy Ghosh



# SPUVIC Events 2022

January						
Su	Mo	Tu	We	Th	Fr	Sa
						1
2	3	4	5	6	7	8
9	10	11	12	13	14	15
16	17	18	19	20	21	22
23	24	25	26	27	28	29
30	31					

February						
Su	Mo	Tu	We	Th	Fr	Sa
		1	2	3	4	5
6	7	8	9	10	11	12
13	14	15	16	17	18	19
20	21	22	23	24	25	26
27	28					

March						
Su	Mo	Tu	We	Th	Fr	Sa
		1	2	3	4	5
6	7	8	9	10	11	12
13	14	15	16	17	18	19
20	21	22	23	24	25	26
27	28	29	30	31		

April						
Su	Mo	Tu	We	Th	Fr	Sa
					1	2
3	4	5	6	7	8	9
10	11	12	13	14	15	16
17	18	19	20	21	22	23
24	25	26	27	28	29	30

May						
Su	Mo	Tu	We	Th	Fr	Sa
1	2	3	4	5	6	7
8	9	10	11	12	13	14
15	16	17	18	19	20	21
22	23	24	25	26	27	28
29	30	31				

June						
Su	Mo	Tu	We	Th	Fr	Sa
			1	2	3	4
5	6	7	8	9	10	11
12	13	14	15	16	17	18
19	20	21	22	23	24	25
26	27	28	29	30		

July						
Su	Mo	Tu	We	Th	Fr	Sa
					1	2
3	4	5	6	7	8	9
10	11	12	13	14	15	16
17	18	19	20	21	22	23
24	25	26	27	28	29	30
31						

August						
Su	Mo	Tu	We	Th	Fr	Sa
		1	2	3	4	5
6	7	8	9	10	11	12
13	14	15	16	17	18	19
20	21	22	23	24	25	26
27	28	29	30	31		

September						
Su	Mo	Tu	We	Th	Fr	Sa
				1	2	3
4	5	6	7	8	9	10
11	12	13	14	15	16	17
18	19	20	21	22	23	24
25	26	27	28	29	30	

October						
Su	Mo	Tu	We	Th	Fr	Sa
						1
2	3	4	5	6	7	8
9	10	11	12	13	14	15
16	17	18	19	20	21	22
23	24	25	26	27	28	29
30	31					

November						
Su	Mo	Tu	We	Th	Fr	Sa
		1	2	3	4	5
6	7	8	9	10	11	12
13	14	15	16	17	18	19
20	21	22	23	24	25	26
27	28	29	30			

December						
Su	Mo	Tu	We	Th	Fr	Sa
				1	2	3
4	5	6	7	8	9	10
11	12	13	14	15	16	17
18	19	20	21	22	23	24
25	26	27	28	29	30	31

## SPUVIC events in 2022

12th Feb.	Saraswati Puja	25th Sep.	Mahalaya	16th Oct.	Durga Puja Sunday
16th April.	Noborsha (Bang)	14th Oct.	Durga Puja Friday	29th Oct.	Kali Puja
20th Aug.	Krishan Janmatar	15th Oct.	Durga Puja Saturday		

## Public holidays 2022 Victoria

3rd Jan.	New Year's Day	17th April	Easter Sunday	23rd Sep	AFP Grand Final Eve
26th Jan.	Australia Day	18th April	Easter Monday	1st Nov	Melbourne Cup
14th Mar	Labour Day	25th April	ANZAC Day	27th Dec.	Christmas Day
15th April	Good Friday	13th June	Queen's Birthday	26th Dec.	Boxing Day
16th April	Easter Saturday	22nd Sep	National Day of Mourning		

[www.spuvic.org](http://www.spuvic.org)

Data provided as is without warranty

# SPUVIC Events 2023

January						
Su	Mo	Tu	We	Th	Fr	Sa
1	2	3	4	5	6	7
8	9	10	11	12	13	14
15	16	17	18	19	20	21
22	23	24	25	26	27	
29	30	31				

February						
Su	Mo	Tu	We	Th	Fr	Sa
			1	2	3	4
5	6	7	8	9	10	11
12	13	14	15	16	17	18
19	20	21	22	23	24	25
26	27	28				

March						
Su	Mo	Tu	We	Th	Fr	Sa
			1	2	3	4
5	6	7	8	9	10	11
12	13	14	15	16	17	18
19	20	21	22	23	24	25
26	27	28	29	30	31	

April						
Su	Mo	Tu	We	Th	Fr	Sa
						1
2	3	4	5	6	7	8
9	10	11	12	13	14	
16	17	18	19	20	21	22
23	24	25	26	27	28	29
30						

May						
Su	Mo	Tu	We	Th	Fr	Sa
	1	2	3	4	5	6
7	8	9	10	11	12	13
14	15	16	17	18	19	20
21	22	23	24	25	26	27
28	29	30	31			

June						
Su	Mo	Tu	We	Th	Fr	Sa
				1	2	3
4	5	6	7	8	9	10
11	12	13	14	15	16	17
18	19	20	21	22	23	24
25	26	27	28	29	30	

July						
Su	Mo	Tu	We	Th	Fr	Sa
						1
2	3	4	5	6	7	8
9	10	11	12	13	14	15
16	17	18	19	20	21	22
23	24	25	26	27	28	29
30	31					

August						
Su	Mo	Tu	We	Th	Fr	Sa
		1	2	3	4	5
6	7	8	9	10	11	12
13	14	15	16	17	18	18
20	21	22	23	24	25	26
27	28	29	30	31		

September						
Su	Mo	Tu	We	Th	Fr	Sa
					1	2
3	4	5	6	7	8	
10	11	12	13	14	15	16
17	18	19	20	21	22	23
24	25	26	27	28	29	30

October						
Su	Mo	Tu	We	Th	Fr	Sa
1	2	3	4	5	6	7
8	9	10	11	12	13	
15	16	17	18	19	20	21
22	23	24	25	26		
	30	31				

November						
Su	Mo	Tu	We	Th	Fr	Sa
			1	2	3	4
5	6	7	8	9	10	11
	13	14	15	16	17	18
19	20	21	22	23	24	25
26	27	28	29	30		

December						
Su	Mo	Tu	We	Th	Fr	Sa
					1	2
3	4	5	6	7	8	9
10	11	12	13	14	15	16
17	18	19	20	21	22	23
24	25	26	27	28	29	30
31						

## SPUVIC events in 2023


28th Jan.	Saraswati Puja	14th Oct.	Mahalaya	29th Oct.	Durga Puja Sun
15th Apr.	Noboborsha (Bangl	27th Oct.	Durga Puja Friday	12th Nov.	Kali Puja
9th Sep.	Krishan Janmastam	28th Oct.	Durga Puja Saturday		

## Public holidays 2023 Victoria

2nd Jan.	New Year's Day	9th April	Easter Sunday	7th Nov.	Melbourne Cup
26th Jan.	Australia Day	10th April	Easter Monday	25th Dec.	Christmas Day
13th Mar.	Labour Day	25th April	ANZAC Day	26th Dec.	Boxing Day
7th April	Good Friday	12th June	King's Birthday		
8th April	Easter Saturday		AFP Grand Final Eve		

[www.spuvic.org](http://www.spuvic.org)

Event



**SPUVIC**

Sarbojanin Puja Utsav of Victoria



সনাতন ধর্ম ও বাঙালী সংস্কৃতির  
গর্বিত উত্তরাধিকারী, একনিষ্ঠ পূজারী

Proud inheritors and devoted worshipers  
of Sanatan Dharma & Bengali Cultures